দৈনিক
আমাদের সময়

তারিখ 11 APR 2017
পৃষ্ঠা 2 কলাম 2

# প্রাথমিকের শিক্ষকদের বেতন বৈষম্য নিরসনে কমিটি হবে : মুহিত

নিজস্ব প্রতিবেদক ●

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বেতন বৈষম্য নিরসনে কমিটি গঠন করা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সমস্যা রাতারাতি সমাধান করা সম্ভব নয়। পুরো বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে দেখা হবে। এ জন্য একটা কমিটি গঠন করা হবে। সেখানে বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে ব্যবস্থা নেওয়া হবে।

গতকাল অর্থ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে প্রাথমিক বিদ্যালয় শিক্ষক প্রতিনিধিদের সঙ্গে বৈঠক শেষে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এ সব কথা বলেন। বৈঠকে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার, অর্থ সচিব হেদায়েতুল্লাহ আল মামুন, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মোহাম্মদ আসিফ-উজ-জামান, সমিতির নির্বাহী সভাপতি ওয়েছ আহমেদ চৌধুরী, মহাসম্পাদক আমিনুল ইসলাম চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।

বৈঠক শেষে অর্থমন্ত্রী বলেন, আজকের বৈঠকের উদ্দেশ্য ছিল সমস্যা বোঝা। সেই উদ্দেশ্য সফল হয়েছে। সমাধান আজই পাচ্ছেন না। আমরা এটা পরীক্ষা-নিরীক্ষা করে দেখব। এটার জন্য একটা কমিটিও আছে। আমি সেই কমিটিতে আছি। আপনাদের মন্ত্রীও (প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী) সেই কমিটিতে আছেন। আমরা এই বিষয়টা সেখানে বিবেচনা করব।

সভায় উপস্থিত প্রাথমিকের শিক্ষকরা জানান, কেবল টাইম স্কেল দিলেই এ সমস্যার সমাধান হয়ে যাবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর